



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



সরকারিভাবে জর্ডানের গার্মেন্টস এ দক্ষ মহিলা স্টাফ নিয়োগে সরাসরি সাক্ষাৎকার।

বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.০৫.০০২.২৫-৮৬২

তারিখ: ৩১.০৩.২০২৬

বোয়েসেল-এর মাধ্যমে জর্ডানের United Creation Garments-এর অধীনে নিম্নবর্ণিত পদে দক্ষ মহিলা স্টাফ নিয়োগ করা হবে:

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা (জন)	মাসিক মূল বেতন	অনলাইন আবেদনের লিংক: https://brms.boesl.gov.bd/ (অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০ টাকা ও চার্জ পরিশোধ করে আবেদন করতে হবে)।
০১	হিউম্যান রিসোর্স এসিস্ট্যান্ট (Human Resource Assistant)	০১	৫৬৭ জেডি	
০২	স্টোর সুপারভাইজার (Store Supervisor)	০১	২৩৩ জেডি	

অভিজ্ঞতা ও যোগ্যতা:

- (১) গার্মেন্টস সেক্টরে কাজের পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে;
- (২) ইংরেজি ভাষায় ভালো দক্ষতা থাকতে হবে (কথ্য এবং লিখিত);
- (৩) কমপক্ষে এসএসসি পাশ হতে হবে।

বয়স:

২৫-৩৯ বছরের মধ্যে হতে হবে।

চাকরির শর্তাবলি:

- (১) দৈনিক ০৮ (আট) ঘন্টা ডিউটি, সপ্তাহে ০৬ (ছয়) দিন এবং ওভারটাইম (স্বেচ্ছাধীন)।
- (২) চাকরির চুক্তি ০৩ (তিন) বছর (নবায়নযোগ্য)।
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং যাতায়াত ব্যবস্থা করা হবে।
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- (৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত বলিয়া গণ্য হবেন।
- (৬) একাধিক পাসপোর্ট থাকলে সবগুলো পাসপোর্ট সঙ্গে আনতে হবে।
- (৭) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:

নির্বাচিত কর্মীদের বোয়েসেল-এর সার্ভিস চার্জ, বহিঃগমন ট্যাক্স, ১৫% ভ্যাট, বোয়েসেল-এর রেজিস্ট্রেশন ফি, স্মার্টকার্ড ফি, ওয়েজ আর্নাস কল্যাণ ফি এবং মেডিকেল টেস্ট ফি বাবদ সমুদয় খরচ জর্ডানের নিয়োগকারী প্রতিষ্ঠান বহন করবে। তবে, মেডিকেল ফি ১০০০ টাকা, পিডিও প্রশিক্ষণ ফি ৩০৫ টাকা, ফিজিয়ার প্রিন্ট ফি বাবদ ২০০ টাকা ও অজীকারনামা স্টাম্প বাবদ ৫০০ টাকা নির্বাচিত কর্মীদের বহন করতে হবে, যা পরবর্তীতে জর্ডানে চূড়ান্তভাবে গমনকৃত কর্মীদের নিয়োগকারী প্রতিষ্ঠান পরিশোধ করবেন।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে:

- (১) ০৪ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা), (২) মূল পাসপোর্ট, একাধিক পাসপোর্ট থাকলে অবশ্যই পাসপোর্ট সঙ্গে নিয়ে আসতে হবে ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০৫ (পাঁচ) সেট রঙিন ফটোকপি, (৩) শিক্ষাগত/অভিজ্ঞতার সনদ (যদি থাকে), (৪) বর্তমানে কর্মরত অফিসের পরিচয়পত্র/হাজিরা কার্ড (যদি থাকে) (৫) ভোটার আইডি/কপিসহ উল্লিখিত কাগজপত্র সাথে নিয়ে অনলাইনে আবেদনকৃত আগ্রহী প্রার্থীদের আগামী ০৭ এপ্রিল, ২০২৬ তারিখ, মঙ্গলবার, সকাল ১০:০০ টার মধ্যে সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য বোয়েসেল (৭ম ফ্লোর-৭০৩ নম্বর রুম), প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০, এ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। এ সংক্রান্ত কোন তথ্যের জন্য ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫ ও ০২-৫৮৩১১৮৩৮ টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে। এছাড়াও প্রবাসবন্ধু কল সেন্টার ১৬১৩৫ তে যোগাযোগ করা যেতে পারে।

বি.দ্র.: অনলাইনে আবেদন আপনাকে ইন্টারভিউতে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দিবে, তবে চাকরির নিশ্চয়তা বহন করবে না। চাকরির জন্য আপনাকে অবশ্যই নির্ধারিত ট্রেড এর টেস্টে যোগ্যতা প্রমাণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। উল্লেখ্য যে, অনলাইনে আবেদন ব্যতীত সরাসরি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ নেই।

অনলাইনে আগামী ০৬ এপ্রিল ২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে বিকাল ০৫:০০ টা পর্যন্ত আবেদন করা যাবে। উল্লেখিত তারিখ ও সময়ের আগে/পরে আবেদন করার কোন সুযোগ নেই।

বিএমইটি পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষিত সনদধারীদের অগ্রাধিকার দেয়া হবে। (চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-কে কোন ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়)

অফিস ঠিকানা : বোয়েসেল, ঢাকা।
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

মু-এমং মারমা মহ
উপ-সহাব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd